



WBCS MAINS 2022



BENGALI

TRANSLATION



LIVE 07:00PM | 17 OCT 2022

BENGALI DESCRIPTIVE



● Believe in God and behave according to His teaching, work according to His words— this can be called religion. Politics is based on ism. Religion can never be many but politics or ism can be many. So politics and religion are different from each other. Religion never divides people into many parts. Hinduism, Islamism, Jainism are not religion but these are only way to reach God. One can reach Delhi by plane, bus, train etc. Hinduism, Islamism, Jainism are just like the same. The destination of all is the same.

[W.B.C.S-2014]

□□ ঈশ্বরের উপর বিশ্বাস রাখা এবং তাঁর উপদেশ অনুযায়ী আচরণ করা, তাঁর নির্দেশ অনুযায়ী কাজ করা—একেই ধর্ম বলা যেতে পারে। রাজনীতি মতবাদের উপর ভিত্তি করে গড়ে ওঠে। ধর্ম কখনও বহু প্রকার হতে পারে না কিন্তু রাজনীতির মতবাদ অনেক রকমের হতে পারে। সেইজন্য রাজনীতি ও ধর্ম একে অপরের থেকে সম্পূর্ণ আলাদা হয়। ধর্ম কখনও মানুষের মধ্যে ভেদাভেদ করে না। হিন্দু ধর্ম, ইসলাম ধর্ম, জৈন ধর্ম প্রকৃতপক্ষে ধর্ম নয় কিন্তু এগুলি ঈশ্বরের কাছে পৌঁছানোর পথ মাত্র। কোনো একজন ব্যক্তি বিমান, বাস, রেলগাড়ি প্রভৃতিতে চড়ে দিল্লি পৌঁছাতে পারে। হিন্দুধর্ম, ইসলাম ধর্ম, জৈনধর্ম সেরকম যাত্রাবাহী যানবাহন। সকলের গন্তব্যস্থল এক।



● “When I was alive and had a human heart”, answered the statue, “I and not know what tears were. In the daytime I played with my companions in the garden, and in the evening I led dance in the Great Hall. Round the garden ran a very lofty wall, but I never cared to ask what lay beyond it, everything around me was so beautiful. My courtiers called me the Happy Prince, and happy indeed I was, if pleasure be happiness. So I lived and so I died. And now that I am dead they have set me up here so high that I can see all the ugliness and all the misery of my city, and though my heart is made of lead yet I cannot choose but weep.” [Misc-1998]

□□ মূর্তিটি উত্তর দিল, “যখন আমি জীবিত ছিলাম এবং আমার একটি মানবহৃদয় ছিল তখন আমি চোখের জল কী জানতাম না। আমি দিনের বেলায় আমার সঙ্গীদের সঙ্গে বাগানে খেলতাম এবং রাত্ৰিতে আমি গ্রেট হলে নৃত্যদলের নেতৃত্ব দিতাম। বাগানের চারপাশে উঁচু দেওয়াল ছিল কিন্তু সেই দেওয়ালের বাইরে কী ছিল সেটা আমি কখনো জানতে চাইনি, কারণ আমার চারদিকে সবকিছু খুব সুন্দর ছিল। আমার সভাসদগণ আমাকে সুখী রাজপুত্র বলে ডাকত এবং যদি আনন্দকে সুখ বলা হয় তাহলে অবশ্যই আমি সুখী ছিলাম। আমি এভাবে ভেবেছিলাম এবং এভাবে আমার মৃত্যু হয়েছিল। কিন্তু এখন আমি মৃত এবং আমায় সেই লোকেরা এখানে এতটা উঁচুতে স্থাপন করেছে যে, আমি এখান থেকে শহরের সমস্ত ধরনের কদাকার দুর্দশার দৃশ্য দেখতে পাই। যদিও আমার হৃদয় সীসা দ্বারা তৈরি করা হয়েছে তবুও আমার কান্না ছাড়া এখন পছন্দের কিছু নেই।”



● I know that I must not accept that praise as my individual share. It is the East in me which gave to the West.

And I can assure you that the prize which you have awarded to me was not wasted upon myself. I as an individual had no right to accept it, and therefore I have made use of it for others. I have dedicated it to our Eastern children and students.

I have used this money which I got from you for establishing and maintaining the university which I started lately, and it seemed to me, that this university should be a place where Western students might come and meet their Eastern brethren and when they might work together in the pursuit of truth and try to find the treasures that have lain hidden in the East for centuries and work out the spiritual resources of the East, which are necessary of all Humanity.

□□ আমি জানি আমার এই প্রশংসা আমার একার নয়। আমার মধ্যে থাকা প্রাচ্যই পাশ্চাত্যকে দিয়েছিল। এবং আমি নিশ্চিত করে বলতে পারি যে পুরস্কার আপনারা আমায় দিলেন তা শুধু নিজের কারণেই ব্যবহৃত হবে না। একজন ব্যক্তি হিসাবে এটি গ্রহণ করার অধিকার আমার নেই। সেইজন্যই আমি এটি অন্যের কাজে লাগাব। আমি এর দ্বারা প্রাচ্যের শিশু ও শিক্ষার্থীদের উৎসাহ দিচ্ছি।

আমি যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে চলেছি তার নির্মাণ ও রক্ষণাবেক্ষণে এর অর্থ ব্যবহৃত হবে। আমার মনে হয় এটা এমন একটা জায়গা যেখানে পাশ্চাত্যের শিক্ষার্থীরাও আসবে এবং প্রাচ্যের ভাইদের সঙ্গে মিলবে। তারা সত্যের সন্ধানে একসঙ্গে কাজ করবে এবং চেষ্টা করবে প্রাচ্যের সেইসব রত্নরাজি খুঁজে বের করতে যেগুলি লুকিয়ে আছে বহু শতাব্দী ধরে এবং যেগুলি সমগ্র মানবতার জন্য প্রয়োজনীয়।



● When I was able to struggle no longer, I found myself withing my depth. By this time the storm was almost over. I walked nearly a mile in the shallow water before I got to the shore. It was about eight o'clock in the evening. I could not discovery any sing of houses or inhabitants; at last I was in so weak a condition that I did not observe them. I was extremely tired and with that and the heat of the weather I found myself much inclined to sleep. I lay down on the grass, which was very short and soft and slept sounder than ever remember to have done in my life. When I awoke it was just daylight.

□□ কোনো রকম যখন চেষ্টা করা সম্ভব হচ্ছে না তখন মনে হল আমি আমার নাগালের মধ্যে জলের তল পেয়ে গেছি। ইতিমধ্যে ঝড় প্রায় থেমে গেছে। আমি প্রায় এক মাইল অগভীর জলের ভেতর দিয়ে হাঁটতে হাঁটতে সমুদ্রের তীরে পৌঁছালাম। তখন প্রায় রাত্রি আটটা বাজে। আমি কোনো বাড়িঘর বা লোকজনের চিহ্নমাত্র খুঁজে পেলাম না। অন্তত আমি এত ক্লান্ত দশায় ছিলাম যে আমি তাদের লক্ষ করি নি। আমি ভীষণ ক্লান্ত ছিলাম এবং গরম আবহাওয়ার জন্য ঘুম আসতে লাগল। আমি ছোটো নরম ঘাসের উপর শুয়ে পড়লাম এবং এমন গভীর ঘুম ঘুমিয়েছিলাম যে, জীবনে আর কখনও এমন ঘুমিয়েছিলাম বলে আমার মনে পড়ে না। আমি যখন জেগে উঠলাম তখন দিনের আলো ফুটে গেছে।



● Protap Singh became the Rana of Mewar after his father's death but he had no capital and was without any means. His kindreds and clans were dispirited by defeats and after defeats but they yet possessed their noble spirit. So he thought to recover Chitore. Then hostilities began between the Rana and the Moghuls. Protap was single handed, he had to flee from rock to rock, and feed his family with the fruits of his native hills, and bring up his son, Amar Sing, in the midst of savage beasts. In the face of these difficulties he was undaunted and did not swerve from his firm resolution. [M.P. Exam]

□□ প্রতাপ সিংহ তাঁর পিতার মৃত্যুর পর মেবারের রানা হলেন। কিন্তু তাঁর কিছু সম্পত্তি ছিল না। তাঁর আত্মীয় ও লোকজন এই পরাজয়ে নিরুৎসাহ হয়ে পড়েন কিন্তু তাঁরা তাঁদের সাহস ও মনোবল হারাননি। সুতরাং চিতোর পুনরুদ্ধারের সংকল্প করেন। এরপর রানা ও মুঘলদের সঙ্গে বিরোধের সূত্রপাত হয়। প্রতাপের নিজের বাহুবলই সহায় ছিল, এর ফলে তিনি পর্বতের গুহায় লুকিয়ে থাকতে বাধ্য হন এবং গাছের ফলমূল দ্বারা জীবনধারণ করতে এমনকি পুত্র অমর সিংহকে হিংস্র জন্তুদের মধ্যে মানুষ করতে বাধ্য হন। তিনি এই বিপদের মধ্যে থেকেও অবিচলিত এবং দৃঢ় সংকল্প থেকে কখনো বিচ্যুত হননি।

● Drug addiction is a curse of modern life. It is like an epidemic disease. Now millions of youths are addicted to it. The habit of taking drugs affects the individual and also a nation.

Drugs are of various types. These are cocaine, mandrax, heroine, brown sugar, LSD etc. All these come to the market through the smugglers and dishonest businessmen. Probably there are three causes of taking drugs. These are friend, frustration and fun. Some students are addicted to it by the request of their friends. Some unemployed youths take drugs as they suffer from frustration. Some take drugs only for fun. Gradually they are habituated to take it. They never get rid of this bad habit. If an addicted person is not supplied it at the appointed hour he behaves like a mad. The effect of these drugs is horrible. It spoils the stomach, affects the nerves, disturbs the chemical balance of the body. The addicts feel weak, dazy and shaky.

Preventive measures should be taken immediately. The addicts should be treated well. Supply of drugs should be checked. Seminar, publicity, exhibition are very necessary today to make people conscious. We dream of a drug-free world.

[WBCS Exam]

□□ আধুনিক জীবনের একটি অভিশাপ মাদকাসক্তি। এটা মহামারির মতো একটি রোগ। এখন লক্ষ লক্ষ যুবক-যুবতী মাদকাসক্তিতে আসক্ত। মাদকাসক্তি ব্যক্তি এবং জাতিকে ক্ষতিগ্রস্ত করে।

মাদকদ্রব্যের বিভিন্ন প্রকার আছে। এগুলি হল কোকেন, ম্যানড্রাক্স, হেরোইন, ব্রাউন সুগার, এলএসডি ইত্যাদি। এগুলি চোরাচালানদার ও অসাধু ব্যবসায়ীদের মাধ্যমে বাজারে আসে। মাদক গ্রহণের সম্ভবত তিনটি কারণ রয়েছে। এগুলি হল বন্ধু, হতাশা ও মজা। কিছু ছাত্র তাদের বন্ধুদের অনুরোধে মাদকদ্রব্যে আসক্ত হয়। কিছু যুবক হতাশায় ভুগে মাদকদ্রব্য গ্রহণ করে। কেউ কেউ কেবল কৌতুকের বশে মাদকদ্রব্য গ্রহণ করে। তারা ক্রমাগত এগুলো গ্রহণ করতে অভ্যস্ত হয়ে পড়ে। তারা এই কুঅভ্যাস থেকে মুক্তি পায় না। যদি আসক্ত ব্যক্তিকে সময়মতো মাদক সরবরাহ করা না হয় সে উন্মাদের মতো আচরণ করে। এটি পাকস্থলীকে নষ্ট করে, স্নায়ুতন্ত্রের ক্ষতি করে, দেহের রাসায়নিক ভারসাম্যে বিঘ্ন ঘটায়। মাদক আসক্তরা দুর্বলতা, ক্লিমুনি ও কাঁপুনি অনুভব করে।

প্রতিরোধমূলক ব্যবস্থা শীঘ্রই গ্রহণ করা প্রয়োজন। আসক্তদের সঙ্গে ভালো ব্যবহার করা উচিত। মাদকদ্রব্যের সরবরাহ বন্ধ করতে হবে। মানুষকে সচেতন করার জন্য আলোচনাসভা, প্রচার, প্রদর্শনীর আজ খুবই প্রয়োজন। আমরা মাদকদ্রব্যমুক্ত এক পৃথিবীর স্বপ্ন দেখি।

● When I was a little girl, I visited Wellesley and surprised my friends by the announcement, “Some day I shall go to college—but I shall go to Harvard!” When asked why I would not go to Wellesley, I replied that there were only girls there. The thought of going to college took root in my heart and became an earnest desire, which impelled me to enter into competition for a degree with seeing and hearing girls, in the face of the strong opposition of many true and wise friends. When I left New York the idea had become a fixed purpose; and it was decided that I should go to Cambridge. This was the nearest approach I could get to Harvard and to the fulfilment of my childish declaration.

□□ আমি যখন খুব ছোটো ছিলাম তখন ওয়েলেসলিতে গিয়ে বন্ধুদের এই বলে তাক লাগিয়ে দিতাম, “একদিন আমি কলেজে যাব, কিন্তু হার্ভার্ডে যাব!” যখন জিজ্ঞাসা করা হল কেন আমি ওয়েলেসলি কলেজে যেতে অনিচ্ছুক, আমি জবাব দিয়েছিলাম, কারণ, ওখানে শুধুই মেয়েরা পড়ে। কলেজে যাবার বাসনা আমার মনে দৃঢ়মূল হয়েছিল, একটা তীব্র আকাঙ্ক্ষা হয়ে দাঁড়িয়েছিল। আর এই আকাঙ্ক্ষা স্বাভাবিক ইন্দ্রিয়শক্তি সম্পন্ন মেয়েদের সঙ্গে প্রতিযোগিতায় নামতে আমাকে প্রবুদ্ধ করেছিল। আমার অনেক যথার্থ আর বিচক্ষণ বন্ধু এর থেকে আমাকে নিরস্ত্র করার চেষ্টা করলেও আমি হাল ছেড়ে দিইনি। নিউইয়র্ক থেকে ফিরে আসবার সময় এই ইচ্ছাটাই আমার জীবনের একমাত্র লক্ষ্য হয়ে দাঁড়িয়েছিল। আমি কেম্ব্রিজে ভর্তি হব ঠিক হয়ে গিয়েছিল। হার্ভার্ডে যাওয়ার স্বপ্নের এইটাই ছিল নিকটতম রূপায়ণ, আমার ছোটোবেলার সদর্প ঘোষণার পরিপূর্তির নিকটতম রূপ।

Thank
you

